

gŕVvŕdvb evŕR Awv` evmx Mŕtg

H Kei xŕZ Kve`dj tMŕ_ bvl Sg cvnvŕoi PgKx

সেলিম রেজা

মুঠোফোন বাজে আদিবাসী গ্রামে
দুপুর গড়িয়ে সন্ধ্যায় বধূলগ্ন
হাঁটে সময় পূর্ণিমারাতে
কথা হয় কল্পনার সাথে
গোপন কথার সিন্ধুক খুলে
বেরিয়ে আসে নির্জনতায় ডুবে যাওয়া মৌনতা
সুরেলা স্বপ্নের দোলে কাটে দারুন সময়
মনের তৃষ্ণায় হারিয়ে যেতে
আলোর সীমানা পেরিয়ে
মাতাল দখিনা হাওয়ায়
হরিণী পর্বত চুড়ায়
তারও চোখে সুনীল আকাশ
সংলাপগুলো গোলাপী ঠোঁটের আঁচল ধরে
যেন লজ্জায় মাখানত গভীর মমতায়
বর্ণ বৃত্তের বাইরে অন্য ভূবন খুঁজি দু'জনে
দ্বন্ধের সুতো কেটে মিলে পাহাড়ী ও সমতলে.....

সেলিম রেজা, কুয়েত, ০১/০৩/২০১০